গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সেনবাগ, নোয়াখালী
www.senbug.noakhali.gov.bd

স্মারক নং- ০০.৪২.৭৫৮০.০০০.০৪.০৯২.২৩- ৬৩৭

তারিখঃ ২৬-১০-২০২৩ খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরীর শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ (সংশোধিতসহ) মোতাবেক সেনবাগ উপজেলায় নিম্নবর্ণিত ইউনিয়ন পরিষদ সমূহের নামের পার্শ্বে বর্ণিত ইউনিয়ন পরিষদ সমূহের মহাল্লাদারগণ এর শূন্যপদে নিয়োগের নিমিত্ত সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে স্ব-হস্তে নিম্নবর্ণিত শর্তানুসারে লিখিত দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | শিক্ষাগত যোগ্যতা | বেতন ভাতাদি | শারীরিক যোগ্যতা | ইউনিয়নের নাম | পদশূন্য ওয়ার্ড নং | শূন্য পদের সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| মহল্লাদার | কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে ৮ম শ্রেণী উত্তীর্ণ অথবা কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষা উত্তীর্ণ। | সরকারি অংশ ৫০% এবং ইউপি অংশ ৫০% হারে মাসিক ৬৫০০/- টাকা এবং ২ টি উৎসব ভাতাসহ প্রচলিত অন্যান্য সুবিধাদি | **পুরুষ প্রার্থীদের ক্ষেত্রেঃ** ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি খ) বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক) ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)। গ) সর্বনিম্ন ওজন ৫০ কেজি **মহিলা প্রার্থিদের ক্ষেত্রেঃ** ক) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট খ) বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক) ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) গ) সর্বনিম্ন ওজন ৪৫ কেজি | ০১ নং ছাতারপাইয়া | ১ | ১ |
| | | | | ০২ নং কেশারপাড় | ১,৩,৫,৬,৭,৮,৯ | ৭ |
| | | | | ০৩ নং ডুমুরুয়া | ১,২,৩,৫,৬,৭,৮,৯ | ৮ |
| | | | | ০৪ নং কাদরা | ৭,৮,৯ | ৩ |
| | | | | ০৫ নং অর্জুনতলা | ১,৪,৬,৭,৮,৯, | ৬ |
| | | | | ০৬ নং কাবিলপুর | ১,২,৪ | ৩ |
| | | | | ০৭ নং মোহাম্মদপুর | ২,৬,৯ | ৩ |
| | | | | ০৮ নং বিজবাগ | ২,৪,৬,৮ | ৪ |
| | | | | ০৯ নং নবীপুর | ২,৪,৫,৭,৮ | ৫ |

### আবেদনের শর্তাবলী

০১। প্রার্থীকে আবেদনপত্রে ইউনিয়ন পরিষদের নাম, ওয়ার্ড নাম্বার, পিতা/স্বামীর নাম, মাতার নাম, জন্ম তারিখ, বয়স (২৬-১০-২০২৩ খ্রিঃ তারিখে) জাতীয় পরিচয় পত্রের নাম্বার, জন্ম নিবন্ধনের নাম্বার, বর্তমান ঠিকানা, উচ্চতা,বুকের মাপ, ওজন, শিক্ষাগত যোগ্যতা উল্লেখসহ স্ব-হস্তে আবেদন করতে হবে।

০২। আবেদনের ফরম নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয়ে পাওয়া যাবে। আবেদন পত্র আগামী ১৫-১১-২০২৩ খ্রি. তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, সেনবাগ, নোয়াখালী বরাবর ডাকযোগে/ সরাসরি অফিস চলাকালীন সময়ে প্রেরণ করতে হবে। খামের উপর ওয়ার্ড নাম্বার , ইউনিয়নের নাম ও পদের নাম লিখতে হবে।

০৩। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত তারিখের পর প্রাপ্ত আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। লিখিত/ মৌখিক পরীক্ষার তারিখ আগামী ২২/১১/২০২৩ খ্রিঃ তারিখে ১০:৩০ টায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে। কর্তৃপক্ষ চাইলে তারিখ পরিবর্তন করতে পারেন।

০৪। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত সংযুক্তি প্রদান করতে হবে। (সংযুক্ত সকল কাগজপত্রের ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত ফটোকপি)
(ক) প্রার্থীকে অবশ্যই বাংলাদেশী নাগরিক এবং উপজেলার সংশ্লিষ্ট ইউনিয়ন/ ওয়ার্ডের স্থায়ী বাসিন্দা হতে হবে। তবে সংশ্লিষ্ট ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিয়োগের ক্ষেত্রে অগ্রাধিকার দেওয়া হবে। (খ) শিক্ষাগত যোগ্যতার সনদ ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ফটোকপি (গ) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদের সত্যায়িত ফটোকপি (ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (ঙ) জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি (চ) মুক্তিযোদ্ধার সন্তানের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি (ছ) আনসার ভিডিপি কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণ সনদ (যদি থাকে) (জ) আবেদন পত্রে মোবাইল নং সংযুক্ত করতে হবে।

০৫। মৌখিক বা লিখিত পরীক্ষার সময় আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদের মূল কপি সাথে আনতে হবে।

০৬। আবেদনকারীর বয়স (২৬-১০-২০২৩ খ্রিঃ) তারিখের মধ্যে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধার পুত্র/কন্যা বা পুত্র কন্যাদের পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সের সীমা ৩২ বছর। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৭। প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং ব্যবহৃত ১০.০০ (দশ) টাকার ডাক টিকিটযুক্ত ৪.৫ ইঞ্চি * ১০ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

০৮। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশাবলী অনুযায়ী বিভিন্ন কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। এক্ষেত্রে কোটার স্বপক্ষে প্রমাণের জন্য উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

০৯। কর্তৃপক্ষ যে কোনো কারণ দর্শানো ব্যতিরেখে এ নিয়োগ বাতিল, পদসংখ্যা হ্রাস/বৃদ্ধি করাসহ যে কোনো সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতা সংরক্ষণ করেন।

১০। নিয়োগের ক্ষেত্রে বর্ণিত যোগ্যতার উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা পোষ্যদের অগ্রাধিকার দেয়া হবে। এক্ষেত্রে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদার এর পুত্র, কন্যা বা পোষ্যদের স্বপক্ষে প্রমাণের জন্য উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

১১। কর্তৃপক্ষের সীদ্ধান্ত মোতাবেক বৈধ আবেদনকারীদের বরাবর যথা সময়ে পরীক্ষার প্রবেশ পত্র ডাকযোগে প্রেরণ করা হবে এবং বাতিলকৃত আবেদনকারীদের তালিকা এ কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

১২। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোনো প্রকার টিএ/ ডিএ দেয়া হবে না।

১৩। নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে কর্তৃপক্ষ এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(স্বাঃ)
জিসান বিন মাজেদ
পরিচিতি নম্বরঃ ১৮০১১
উপজেলা নির্বাহী অফিসার
সেনবাগ, নোয়াখালী
ফোনঃ ০৩২২৫৫৬০০১-
Email-unosenbug@mopa.gov.b

স্মারক নং- ০০.৪২.৭৫৮০.০০০.০৪.০৯২.২৩

তারিখঃ ২৬-১০-২০২৩খ্রিঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
০১। জেলা প্রশাসক, নোয়াখালী
০২। পুলিশ সুপার, নোয়াখালী
০৩। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী
০৪। জেলা কমান্ড্যান্ট, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, নোয়াখালী
০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সেনবাগ, নোয়াখালী
০৬। অফিসার ইনচার্জ, সেনবাগ নোয়াখালী
০৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, সেনবাগ , নোয়াখালী
০৮। উপজেলা আইসিটি কর্মকর্তা (ওয়েব ফোর্টালে প্রচারের জন্য)
০৯। চেয়ারম্যান (১ হতে ৯) নম্বর ইউনিয়ন পরিষদ, সেনবাগ, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
১০। ইউনিয়ন ভূমি সহকারি কর্মকর্তা (১ হতে ৯) নম্বর ইউনিয়ন ভূমি অফিস, সেনবাগ, নোয়াখালী (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
বিজ্ঞপ্তিটি ইউনিয়নাধীন হাট-বাজার, ইউনিয়ন ও ওয়ার্ডের জনবহুল সকল গুরুত্বপূর্ণ স্থানে প্রচারের জন্য

২৬-১০-২৩
উপজেলা নির্বাহী অফিসার
সেনবাগ, নোয়াখালী

Scanned with CamScanner